

আদমদীঘি উপজেলা মৎস্য হ্যাচারী মালিকদের সাথে মডেল হ্যাচারী স্থাপন বিষয়ক মতবিনিময় সভার  
কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব সুজয় পাল  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
আদমদীঘি, বগুড়া।

সভার স্থানঃ আদমদীঘি রহিমউদ্দিন ডিগ্রী কলেজ মিলনায়তন, আদমদীঘি, বগুড়া।  
তারিখঃ ১৬।০২।২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট (ক)

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, আদমদীঘি, বগুড়া সভায় জানান জেলা মৎস্য অফিসারের কার্যালয়, বগুড়া এর ইনোভেশন সভার সিদ্ধান্ত ও উক্ত কার্যালয়ের জানুয়ারি/২০২২ খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি উপজেলায় বিদ্যমান হ্যাচারী হতে একটি হ্যাচারীকে মডেল হ্যাচারীতে উন্নীতকরণের উদ্যোগ গ্রহণের বিষয়ে বলা হয়। নির্দেশনার প্রেক্ষিতে সভায় মডেল হ্যাচারীর বৈশিষ্ট্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মডেল হ্যাচারীর বৈশিষ্ট্যসমূহঃ

(ক) অবকাঠামোঃ-

১. ওভার হেড ট্যাংক এ অ্যারেশনের ব্যবস্থা থাকতে হবে।
২. হ্যাচারীর শেড থাকতে হবে এবং মেঝে পাকা থাকতে হবে।
৩. হ্যাচারী সংলগ্ন কমপক্ষে ০৩ (তিন) টি পুকুর থাকতে হবে।
৪. মৎস্য অধিদপ্তর কর্তৃক হালনাগাদ লাইসেন্সধারী হতে হবে।
৫. পরিবেশ সম্মত পানি নিষ্কাশন ব্যবস্থা থাকতে হবে।
৬. যোগাযোগ ব্যবস্থা ভালো হতে হবে।

(খ) ব্রুড ব্যবস্থাপনাঃ

১. উৎসসহ ব্রুড ষ্টকের হালনাগাদ হিসাব থাকতে হবে।
২. কার্প জাতীয় মাছের ক্ষেত্রে প্রতিবছর ভিন্ন উৎস থেকে ২০% ব্রুড পরিবর্তন করতে হবে।
৩. ক্যাট ফিশের ক্ষেত্রে নিজস্ব ব্রুড ষ্টক তৈরী করে প্রজনন করতে হবে।
৪. প্রজননের ক্ষেত্রে নির্ধারিত আকার ও ওজনের ব্রুড ব্যবহার করতে হবে।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থিত হ্যাচারী মালিকবৃন্দ মডেল হ্যাচারী স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের বিষয়ে একমত পোষন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



১৬/০২/২০২২

(সুজয় পাল)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
আদমদীঘি, বগুড়া।

পত্র নং: ৩৩.০২.১০০৬.৫০১.৩৫.০০১.২২.১২/১(২)

তারিখ: ১৬/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণঃ

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. জেলা মৎস্য অফিসার, বগুড়া।
৩. অফিস নথি।



১৬/০২/২০২২

(সুজয় পাল)

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার  
আদমদীঘি, বগুড়া।



আদমদীঘি উপজেলা মৎস্য হ্যাচারী মালিকদের সাথে মডেল হ্যাচারী স্থাপন বিষয়ক মতবিনিময় সভায়  
উপস্থিত সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জনাব সুজয় পাল ও হ্যাচারী মালিকবৃন্দ।